


# যুগান্তর

গণরুম পরিদর্শনে ঢাবি ভিসি

## ৬ দাবি নিয়ে আজ ভিসির বাসভবনে উঠছেন শিক্ষার্থীরা

একটি দাবি পূরণ হলেও বাসভবন থেকে সরে আসব -সৈকত

প্রকাশ : ২৯ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণরুম সমস্যা সমাধানে দৃশ্যমান অগ্রগতি না হওয়ায় শিক্ষার্থীদের নিয়ে ভিসির বাসভবনে ওঠার ঘোষণা দিয়েছেন ডাকসু সদস্য তানভীর হাসান সৈকত। বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে তিনি এ ঘোষণা দেন। এ অবস্থায় রোববার রাতে বিশ্ববিদ্যালয়ের কয়েকটি হলের গণরুম পরিদর্শনে যান ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। তবে পূর্বঘোষিত কর্মসূচিতে অনড় থেকে আজ সকালে ভিসির সঙ্গে সকালের নাশতা করার মধ্য দিয়ে তার বাসভবনে থাকা শুরু করবেন গণরুমের শিক্ষার্থীরা।

১ অক্টোবর সন্ত্রাসবিরোধী রাজু ভাস্কর্যে গণরুমের শিক্ষার্থীদের উপস্থিতিতে এক ছাত্র সমাবেশ থেকে গণরুম সমস্যা সমাধানে দৃশ্যমান পদক্ষেপ গ্রহণে ১৫ কার্যদিবসের আলটিমেটাম দিয়েছিলেন সৈকত। গণরুমের বিরুদ্ধে অবস্থান নিয়ে ১ সেপ্টেম্বর বৈধ সিট ছেড়ে গণরুমে অবস্থান নেন ডাকসুর এই নির্বাচিত সদস্য। তার সিটে পালাক্রমে গণরুমের শিক্ষার্থীদের থাকতে দেন। পরবর্তী সময়ে ৩ সেপ্টেম্বর গণরুম সমস্যা সমাধানে দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণের আহ্বান জানিয়ে ভিসি বরাবর ৬টি প্রস্তাবনা দেন সৈকত।

দীর্ঘমেয়াদি পরিকল্পনার পাশাপাশি সাময়িক সমাধানের লক্ষ্যে ভিসিকে দেয়া প্রস্তাবগুলো হল : গণরুমে পর্যাপ্ত বাংকবেডের ব্যবস্থা করতে হবে। দোতলায় এই বেড স্থাপন করলে শিক্ষার্থীরা অপেক্ষাকৃত সুন্দরভাবে অবস্থান করতে পারবেন। প্রতিটি গণরুমে একটি নির্দিষ্ট সংখ্যার বেশি শিক্ষার্থী রাখা যাবে না। বাড়তি শিক্ষার্থীদের আবাসনের জন্য বাংকবেডের সংখ্যা বাড়তে হবে।

প্রস্তাবে বলা হয়েছে- বিশ্ববিদ্যালয়ে হল সংখ্যা এখন পর্যন্ত যথেষ্ট নয়। শিক্ষক-কর্মচারীর জন্য বহুতল আবাসন প্রকল্প আমরা সাধুবাদ জানাই। কেননা তাদের অধিকার আছে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের প্রাণ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। তাদের আবাসনের দিকেও সমান দৃষ্টি দিয়ে নতুন হল নির্মাণ করতে হবে। যেহেতু শিক্ষার্থী অনুযায়ী হল সংখ্যা বাড়ছে না, তাই বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষে ভর্তির আসন সংখ্যা কমিয়ে পর্যাপ্ত সুবিধা নিশ্চিত করে উন্নত শিক্ষা প্রদান করতে হবে। সর্বোপরি প্রথম বর্ষের শিক্ষার্থীদের সিট বরাদ্দ প্রশাসনের মাধ্যমে দিতে হবে।

ভিসির গণরুম পরিদর্শন : আবাসিক শিক্ষার্থীদের সমস্যা জানতে রোববার রাতে বিভিন্ন হলের গণরুম পরিদর্শন করেছেন ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এ সময় তিনি শিক্ষার্থীদের খোঁজখবর নেন। ভিসির বরাত দিয়ে বিশ্ববিদ্যালয় জনসংযোগ দফতর থেকে জানানো হয়, অধ্যাপক আখতারুজ্জামান শিক্ষার্থীদের সমস্যা নিরসনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা দিয়েছেন। এ সময় ভিসি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে ক্রমান্বয়ে শিক্ষার্থী সংখ্যা বেড়েছে। তবে সে অনুপাতে আবাসন সুবিধা বাড়েনি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।